

সমস্ত ফ্যামিলি হেলথ টিমের অবস্থান সপ্তাহে পাঁচদিন করে আবার খোলা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য আমাদের সমস্ত রোগীরা,

আমরা সেন্ট. মাইকেল'স অ্যাকাডেমিয়া ফ্যামিলি হেলথ টিম (St. Michael's Academic Family Health Team, SMHAFHT) অবস্থান সোমবার থেকে শুক্রবার সকাল 9টা থেকে দুপুর এবং দুপুর 1টা থেকে বিকাল 5টা পর্যন্ত (বিকাল 4:30 পর্যন্ত শেষ রেজিস্ট্রেশন করা হবে) পরিষেবা প্রদান করার জন্য খুলছি সেই খবর জানাতে আমরা এই চিঠি লিখছি। এই অবস্থানটি 14 সেপ্টেম্বর, 2020 কার্যকরি হচ্ছে।

যখন সম্ভব হবে, তখন আমরা আমাদের বিল্ডিংগুলোতে শারীরিক দূরত্ব বজায় রাখা আরো সহজ করতে এবং আমাদের মানুষ ও রোগীদের জন্য সম্ভাব্য নিরাপদ পরিবেশ তৈরি করতে আমরা ফোনে বা ভিডিওয়ের মাধ্যমে অ্যাপয়েন্টমেন্ট নেয়া চালিয়ে যাব।

ক্লিনিক খোলা থাকার সময় সম্পর্কে বিশদে জানতে, কার্য সময় পরবর্তী জরুরি পরিচর্যার ক্লিনিক এবং যোগাযোগের তথ্যের জন্য প্রতিটি ক্লিনিক পেজ দেখুন:

- [61 কুইন ফ্যামিলি প্র্যাকটিস ইউনিট](#)
- [410-এর হেলথ সেন্টার](#)
- [সেন্ট জেমস টাউন হেলথ সেন্টার](#)
- [সেন্ট লরেন্স হেলথ সেন্টার](#)
- [80 Bond-এর হেলথ সেন্টার](#)
- [সুমাক ক্রিক হেলথ সেন্টার](#)

আপনার কাছে এর মানে কী

- ক্লিনিকে আসার আগে অনুগ্রহ করে আগে থেকে কল করে বুক করুন। অ্যাপয়েন্টমেন্ট বুক করলে আমরা যাতে আপনাকে সবথেকে ভালো পরিষেবা দিতে পারব সেক্ষেত্রে সাহায্য হবে। FHTBookings@smh.ca-এ ইমেলের মাধ্যমে ফোন বা ভিডিও অ্যাপয়েন্টমেন্ট নেয়া যাবে।
- আমরা সবগুলো অবস্থানে খোলা থাকলেও, আমরা যতটা সম্ভব ফোন এবং ভিডিও অ্যাপয়েন্টমেন্ট ব্যবহার করব। যদি আপনার স্বাস্থ্যগত সমস্যা জরুরি হয়, তাহলে আমরা ফোন মারফত পরিচর্যা দিয়ে প্রয়োজন মতো আপনার জন্য এসে দেখানোর ব্যবস্থা করতে পারি।
- যদি আমাদের টিমের কোনো সদস্য আপনাকে ক্লিনিক বা ল্যাবে আসতে বলেন, তাহলে ক্লিনিকে প্রবেশ করার আগে, দরজাতেই আপনাকে কোভিড-19 সংক্রান্ত উপসর্গ সম্পর্কিত কিছু প্রশ্ন করা হবে। আপনাকে আপনার হাতও স্যানিটাইজ করতে বলা হবে এবং মাস্ক পরতে বলা হবে বা মুখ ঢাকা রাখতে বলা হবে। প্রবেশপথের স্ক্রিনিংয়ে যে সকল পদক্ষেপ অনুসরণ করতে হবে তার জন্য [এই ভিডিওটি](#)

দেখুন।

- অ্যাপয়েন্টমেন্ট বুক করতে যদি আপনি আমাদের কল করতে না পারেন, তাহলে এখানে আসুন এবং আমাদের প্রবেশপথের স্ক্রিনাররা আপনার স্ক্রিনিং করবেন এবং অ্যাপয়েন্টমেন্ট বুক করার জন্য রিসেপশনে পাঠাবেন।
- ফোন লাইনে ও স্ক্রিনিং ডেস্কে আপনাকে দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হতে পারে। আমাদের টিমের প্রতিটি সদস্য যতটা সম্ভব ভালো পরিচর্যা প্রদান করতে একনিষ্ঠ এবং আপনার ধৈর্যের জন্য আপনাকে ধন্যবাদ।

14 সেপ্টেম্বর, সোমবার থেকে এইসব পরিবর্তন কার্যকর হবে। আমাদের ক্লিনিকের কাজের কোনো পরিবর্তন হলে, আমরা [আমাদের ওয়েবসাইটে](#) তথ্য দিয়ে জানিয়ে দেব। আমরা কোভিড-19 অতিমারীর সময় আমাদের কমিউনিটিকার উচ্চ মানের এবং সহানুভূতির সঙ্গে পরিচর্যা প্রদান করা অব্যাহত রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

নিজের যত্ন নিন ও সুস্থ থাকুন,
SMHAFHT লিডারশীপ দল